

বিজ্ঞপ্তি  
বাংলা বিভাগ  
মালদা উইমেন্স কলেজ, মালদা

তাং - ০৮/০৩/২০২১

এতদ্বারা মালদা উইমেন্স কলেজের বাংলা বিভাগের সাম্মানিক স্তরের তৃতীয় সেমিস্টারের ছাত্রীদের উদ্দেশ্যে জানানো যাচ্ছে যে, আগামী ১৫/০৩/২০২১ তারিখ বেলা ১২টা-২টার মধ্যে পত্র সংখ্যা (C-5/301), (C-6/302) এবং (C-7/303)-এর Tutorial Exam-এর জন্য অভীক্ষা পত্র (Assignment) বাংলা বিভাগে জমা দিতে হবে। প্রতিটি পত্রে নির্দেশ অনুসারে যে কোনো একটি বিষয় নির্বাচন করে তার উপর অভীক্ষা পত্রটি প্রস্তুত করতে হবে। প্রতি পত্রে অভীক্ষা পত্রের জন্য নির্ধারিত পূর্ণমান - ৮ নম্বর। অভীক্ষা পত্রটি অবশ্যই ৩০০ শব্দের মধ্যে ছাত্রীদের (A-4 কাগজের একপ্রান্তে) নিজের হাতের লেখায় প্রস্তুত করতে হবে। অভীক্ষা পত্রের শেষে অবশ্যই সহায়ক গ্রন্থ এবং তথ্যসূত্রের উল্লেখ করতে হবে।

পত্র ভিত্তিক বিষয় নিম্নে উল্লিখিত হল : (প্রতি পত্রে একটি বিষয়ে অভীক্ষাপত্র প্রস্তুত করতে হবে)

পত্র - (C-5/301): ১। বৈষ্ণব পদাবলী পঞ্চরসের সাধনা ২। 'পদ্মপুরাণ' কাব্যে বর্ণিত সমকালীন সমাজ ব্যবস্থা

পত্র - (C-6/302): ১। বিভাব অনুভাব ও সঞ্চরী ভাবের রস-নিষ্পত্তি ২। সংস্কৃত সাহিত্যে শ্রেষ্ঠ কবি কালিদাস ৩। নাট্যকার শেক্সপীয়র

পত্র - (C-7/303): ১। শিবায়ণ কাব্যে কৃষিকর্ম ও কৃষক-জীবনকথা ২। মৈমনসিংহ গীতিকায় নারী চরিত্রের ট্রাজেডি - মহুয়া, মলুয়া ও চন্দ্রাবতী (অবলম্বনে)

পুনশ্চঃ বাংলা বিভাগের সাম্মানিক স্তরের তৃতীয় সেমিস্টারের ছাত্রীদের উদ্দেশ্যে পুনরায় জানানো যাচ্ছে যে, প্রতিটি পত্রে (C-5/301), (C-6/302), (C-7/303) ৬ নম্বরের মধ্যে Internal পরীক্ষা নেওয়া হবে। এই পরীক্ষায় প্রতি পত্রে মোট ৩ টি প্রশ্নের উত্তর করতে হবে। প্রতিটি প্রশ্নের পূর্ণমান - ২।

PAPER CODE-(C-5/301): (যে কোনো তিনটি প্রশ্নের উত্তর লেখ। ৩×২=৬)

১। অনুরাগ কাকে বলে? এই পর্যায়ের শ্রেষ্ঠ পদকর্তার নাম কি? ২। গোবিন্দ দাস কোন পর্যায়ের কবি? অভিসার বলতে কি বোঝ? ৩। 'অভিনব জয়দেব' কাকে বলা হয়? কে তাকে এই নাম দিয়েছেন? ৪। বিজয় গুপ্ত কোন শতকের কবি? কার শাসন কালে তিনি কাব্য রচনা করেন? ৫। বিজয় গুপ্তের মনসামঙ্গল কাব্যের নাম কি? কাব্যটির রচনা কাল কতো?

PAPER CODE-(C-6/302): (যে কোনো তিনটি প্রশ্নের উত্তর লেখ। ৩×২=৬)

১। কাব্যজিজ্ঞাসায় ধ্বনিকে কয়টি শ্রেণিতে বিভক্ত করা যায়? বিভাগগুলির নাম লেখ। ২। 'রস হচ্ছে নিজের আনন্দময় সন্ধিতের আত্মদায়ক ব্যাপার' - উক্তিটি কার? তিনি কোন্ গ্রন্থে এই উক্তি করেছেন? ৩। 'রঘুবংশম্' কাব্যের রচয়িতা কে? কাব্যটি কয়টি সর্গে বিভক্ত? ৪। 'মৃচ্ছকটিক্' কার লেখা? এটি কোন্ শ্রেণির গ্রন্থ? ৫। 'The Prelude'- কার আত্মজীবনী অবলম্বনে লেখা কাব্য? কাব্যটি কত খ্রিষ্টাব্দে প্রকাশিত হয়?

PAPER CODE-(C-7/303): (যে কোনো তিনটি প্রশ্নের উত্তর লেখ। ৩×২=৬)

১। প্রাগাধুনিক বাংলা সাহিত্যে শিব-দেবতাকে নিয়ে রামেশ্বর ভট্টাচার্যের লেখা কাব্যটির নাম কি? গ্রন্থটির রচনাকাল উল্লেখ করো। ২। রামেশ্বরের শিবায়ণ কাব্যে সরল কৃষি মজুরের নাম কি? শিবের সঙ্গে তার সম্পর্ক উল্লেখ করো। ৩। ময়মনসিংহ গীতিকার পালাগানগুলি প্রকাশের জন্য কে সংগ্রহ করেছিলেন? কি নামে এবং কতগুলি খণ্ডে গ্রন্থটি প্রকাশিত হয়? ৪। গীতিকার যেকোনো দুটি উল্লেখযোগ্য বৈশিষ্ট্য লিপিবদ্ধ করো। ৫। ময়মনসিংহ ও পূর্ববঙ্গ গীতিকার মোট কয়টি পালাগান সংগৃহীত হয়েছে? 'মহুয়া' এবং 'চন্দ্রাবতী' পালার রচয়িতার নাম উল্লেখ করো।

Sd/-

অধ্যক্ষ

মালদা উইমেন্স কলেজ, মালদা

PRINCIPAL  
MALDA WOMEN'S COLLEGE  
MALDA

অনুমত্যানুসারে -

বাংলা বিভাগ,

মালদা উইমেন্স কলেজ, মালদা

S. B. S.  
8.3.21  
8/3/21  
8/3/21